

প্রতিষ্ঠান পরিচিতিঃ

মনমথপুর আইডিয়াল কলেজ পার্বতীপুর উপজেলার একটি স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান যা ১৯৯৪ সালে প্রতিষ্ঠিত হয়, যার EIIIN- ১২১০৫৭। প্রতিষ্ঠানটিতে উচ্চ মাধ্যমিক ও স্নাতক (পাস) এবং উচ্চ মাধ্যমিক (বিএমটি) স্তর চালু রয়েছে। দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার ০৬ নং মোমিনপুর ইউনিয়নের ছোট যমুনা নদীর তীরে অবস্থিত। কলেজটি পার্বতীপুর উপজেলা সদর থেকে প্রায় ০৭ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত এবং দিনাজপুর জেলা সদর থেকে প্রায় ২১ কিলোমিটার পূর্বে অবস্থিত। প্রতিষ্ঠানটি দিনাজপুর-পার্বতীপুর আঞ্চলিক মহাসড়কের পাশে একটি শান্ত ও প্রশস্ত ক্যাম্পাস, প্রাকৃতিক দিক থেকে কলেজটি সবুজ কৃষি জমি এবং বাগান দ্বারা বেষ্টিত নয়নাভিরাম পরিবেশে অবস্থিত, যেখানে উত্তরবঙ্গের সমভাবাপন্ন জলবায়ু বিরাজ করে। কলেজের আশে-পাশে বিভিন্ন বিদ্যালয়, একটি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র এবং স্থানীয় বাজার অবস্থিত, যা শিক্ষার্থীদের জন্য সুবিধাজনক পরিবেশ সৃষ্টি করেছে। যোগাযোগের ক্ষেত্রে পার্বতীপুর বাস স্ট্যান্ড বা রেলওয়ে জংশন থেকে বাস, মোটর সাইকেল, অটোরিকশা বা সিএনজি দ্বারা মাত্র ১৫-২০ মিনিটে কলেজে পৌঁছানো যায়। নিকটবর্তী রেলস্টেশন পার্বতীপুর জংশন থেকে কলেজের দূরত্ব প্রায় ০৭ কিলোমিটার, এবং পার্শ্ববর্তী মনমথপুর রেলস্টেশনের দূরত্ব মাত্র ০১ কিমি। যোগাযোগের রাস্তাঘাট প্রসস্থ হওয়ায় আশে-পাশের গ্রাম থেকে শিক্ষার্থীরা মোটর সাইকেল, বাই-সাইকেল বা স্থানীয় যানবাহনে আসা-যাওয়া করে। পাশাপাশি সহ পাঠ্যক্রমিক কার্যাবলী শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করার অন্যতম কারণ।

প্রায় ২.২৫ একর জমির উপর প্রতিষ্ঠিত কলেজ ক্যাম্পাসে ০১টি দ্বিতল প্রশাসনিক ভবন ও ০১ টি বহুতল একাডেমিক ভবন রয়েছে যার মধ্যে ক্লাশরুম, হলরুম ও অফিস অবস্থিত। এছাড়াও কলেজে একটি লাইব্রেরি, বিজ্ঞানাগার, একটি মসজিদ, গ্যারেজ ও একটি খেলার মাঠ রয়েছে। পুরো ক্যাম্পাসটি প্রাচীরবেষ্টিত ও নিরাপত্তার জন্য সার্বক্ষণিক প্রহরা দেওয়া হয় এবং সিসি ক্যামেরা দ্বারা সার্বক্ষণিক মনিটরিং এর ব্যবস্থা রয়েছে। মনমথপুর আইডিয়াল কলেজ উত্তরাঞ্চলের মধ্যবিত্ত, নিম্নবিত্ত ও অবহেলিত পরিবারের শিক্ষার্থীদের জন্য একটি অপরিহার্য শিক্ষাকেন্দ্র হিসেবে কাজ করছে। প্রতিষ্ঠানটি শিক্ষাদানের পাশাপাশি স্থানীয় কৃষি ও গ্রামীণ জীবনের সংস্কৃতির সাথে ওতপ্রোতভাবে জড়িত এবং সামাজিক-সাংস্কৃতিক কর্মকাণ্ডের মাধ্যমে রাষ্ট্র গঠনে সক্রিয় ভূমিকা পালন করে চলেছে।